গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১৫৩/২০১৯-২০২০

ঢাকা ২৭ জানুয়ারি সোমবার ২০২০, ১৩ মাঘ ১৪২৬

### আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশগুলোর উন্নয়ন ধারা অব্যাহত রাখতে সম্মিলিত উদ্যোগ নিতে হবে : রাষ্ট্রপতি
২। সাধারণ মানুষের উন্নতি দেশের উন্নয়নের পূর্বশর্ত :
ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী
৩। বিমসটেক কোস্টাল শিপিং চুক্তি সম্পন্নের ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর
৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপর আস্থা ৮৬ শতাংশ মানুষের : রিসার্চ ইন্টারন্যাশনালের জরিপ
৫। এনআরসির প্রভাব বাংলাদেশে না পড়ার নিশ্চয়তা দিয়েছে ভারত : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী
৬। ভোটার তালিকা হালনাগাদে সময় বাড়াতে সংসদে বিল পাস
৭। আরব আমিরাতে ভিসার মেয়াদ শেষ ৮০ হাজার প্রবাসীর : সংসদে পররাষ্ট্রমন্ত্রী
৮। করোনাভাইরাস শনাক্তে নৌ, বিমান ও স্থলবন্দরে স্ক্যানার বসানো হয়েছে: সংসদে স্বাস্থ্যমন্ত্রী
৯। ঢাকা সিটি করপোরেশন নির্বাচনে হস্তক্ষেপ নয়, প্রধানমন্ত্রীর নির্দেশনা আছে : সেতুমন্ত্রী
১০। প্রত্যেকটি বন্দরে আমদানি-রপ্তানি পণ্য যাচাই করার জন্য স্ক্যানার বসানো হবে :
আন্তর্জাতিক কাস্টমস দিবসের অনুষ্ঠানে অর্থমন্ত্রী
১১। দেশের উন্নয়ন অগ্রযাত্রা অব্যাহত রাখতে হবে : স্থানীয় সরকার মন্ত্রী
১২। জাতির উন্নয়নে বড় হাতিয়ার উচ্চশিক্ষা : এআইইউবি'র সমাবর্তনে শিক্ষামন্ত্রী
১৩। আগামী বছর থেকে পূর্বাচলে নিজস্ব এলাকায় বাণিজ্যমেলা হবে : রংপুরে বাণিজ্যমন্ত্রী
১৪। মুজিববর্ষেই গভর্নমেন্ট জব পোর্টাল চালু হবে : আইসিটি প্রতিমন্ত্রী
১৫। ইভিএমসহ ঢাকার আসন্ন দুই সিটি নির্বাচনের সার্বিক পরিস্থিতি চার রাষ্ট্রদূতকে জানাল ইসি
১৬। রান্না করে সাকিব আল হাসানের বাসায় খাবার পাঠালেন প্রধানমন্ত্রী

চলমান-২

**১। জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশগুলোর উন্নয়ন ধারা অব্যাহত রাখতে সম্মিলিত উদ্যোগ নিতে হবে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশগুলোর অর্থনৈতিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণে বিশ্ব সম্প্রদায়, দাতা ও আন্তর্জাতিক সংস্থাসহ সংশ্লিষ্ট সবাইকে সম্মিলিত উদ্যোগ নেয়ার আহ্বান জানিয়েছেন। গতকাল (২৬ জানুয়ারি রোববার) নগরীর একটি হোটেলে একটি আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে বক্তৃতাকালে তিনি বলেন, জলবায়ু পরিবর্তনের ফলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত দেশের তালিকায় বাংলাদেশ অন্যতম। অথচ দূষণ প্রক্রিয়ায় বাংলাদেশসহ বেশি ক্ষতিগ্রস্ত দেশগুলোর ভূমিকা খুবই নগণ্য। যেসব দেশ এর জন্য দায়ী তাদেরকে এ অবস্থা থেকে উত্তরণে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। তিনি আরও বলেন, জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট সমস্যা এখন আর কোনো একটি দেশ বা অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ নেই। বরং এটি এখন বৈশ্বিক সমস্যা। তাই এর সমাধানে গোটা বিশ্বকে এগিয়ে আসতে হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক ১.), **সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**২। সাধারণ মানুষের উন্নতি দেশের উন্নয়নের পূর্বশর্ত :**
**ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুটি পানি শোধন প্রকল্প, দুটি সেতু এবং কয়েকটি ট্রেন সার্ভিসসহ বেশ কিছু উন্নয়ন প্রকল্প উদ্বোধনকালে তৃণমূলে সাধারণ জনগণের উন্নতিকে দেশের সার্বিক উন্নয়নের পূর্বশর্ত হিসেবে বর্ণনা করে বলেছেন, তৃণমূলের জনগণের আর্থসামাজিক উন্নয়ন ছাড়া কখনো একটি দেশের সার্বিক উন্নয়ন সম্ভব নয়। গতকাল (২৬ জানুয়ারি রোববার) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ১১টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী আরো বলেন, একটা দেশের সার্বিক উন্নয়ন করতে হলে শুধু রাজধানীভিত্তিক উন্নয়ন করলেই হবে না, একেবারে গ্রামের মানুষ, তৃণমূলের মানুষদের উন্নতি করতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩),**ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)

**৩। বিমসটেক কোস্টাল শিপিং চুক্তি সম্পন্নের ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আঞ্চলিক সংস্থা বিমসটেকের সদস্য রাষ্ট্রগুলোর বৃহত্তর স্বার্থে বিমসটেক কোস্টাল শিপিং চুক্তি সম্পাদনের ওপর গুরুত্বারোপ করেছেন। গতকাল (২৬ জানুয়ারি রোববার ) বিমসটেক মহাসচিব শহিদুল ইসলাম প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। একই সঙ্গে প্রধানমন্ত্রী বিমসটেক সদস্য রাষ্ট্রগুলোর মধ্যে বাণিজ্যিক সহযোগিতা জোরদারের ওপরও গুরুত্বারোপ করেন। এর আগে সাবেক ব্রিটিশ এমপি কেইথ ভাচ প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। প্রধানমন্ত্রী লেবার পার্টির এ সাবেক এমপিকে মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের বর্তমান পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১)।

**৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপর আস্থা ৮৬ শতাংশ মানুষের : রিসার্চ ইন্টারন্যাশনালের জরিপ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ওপরই দেশের ৮৬ শতাংশ মানুষের আস্থা আছে বলে এক জরিপে উঠে এসেছে। রিসার্চ ইন্টারন্যাশনাল নামের একটি প্রতিষ্ঠান এ জরিপ পরিচালনা করে। গতকাল (২৬ জানুয়ারি রোববার) জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে এ জরিপের ফল প্রকাশ করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**৫। এনআরসির প্রভাব বাংলাদেশে না পড়ার নিশ্চয়তা দিয়েছে ভারত : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী**

ভারতের জাতীয় নাগরিক নিবন্ধন (এনআরসি) ইস্যুকে বাংলাদেশ দেশটির অভ্যন্তরীণ বিষয় হিসেবে বিবেচনা করে। বাংলাদেশের ওপর এর কোনো অযাচিত প্রভাব পড়বে না বলে ভারত সরকারের সর্বোচ্চ মহল থেকে নিশ্চয়তা দেয়া হয়েছে। এরপরও বাংলাদেশ বিষয়টি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। গতকাল (২৬ জানুয়ারি রোববার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এসব কথা বলেন । **সূত্র-বণিক বার্তা** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক ১.)।

**৬। ভোটার তালিকা হালনাগাদে সময় বাড়াতে সংসদে বিল পাস**

ভোটার তালিকা হালনাগাদ করার সময়সীমা ৩০ দিন থেকে বাড়িয়ে ৬০ দিন নির্ধারণ করে ‘ভোটার তালিকা (সংশোধন) আইন-২০২০’ নামে একটি বিল জাতীয় সংসদে কণ্ঠভোটে পাস করা হয়েছে। গতকাল (২৬ জানুয়ারি রোববার) আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক বিলটি উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮)।

**৭। আরব আমিরাতে ভিসার মেয়াদ শেষ ৮০ হাজার প্রবাসীর : সংসদে পররাষ্ট্রমন্ত্রী**

ভিসার মেয়াদ শেষ হয়ে যাওয়ায় সংযুক্ত আরব আমিরাতে প্রায় ৮০ হাজার প্রবাসী শ্রমিক অবৈধ হয়ে পড়েছেন। এছাড়া কুয়েতে পাঁচ হাজার, ইরানে দেড় হাজার, মিসরে চার হাজার ও দক্ষিণ কোরিয়ায় আড়াই হাজার প্রবাসী শ্রমিক রয়েছে, যাদের ভিসার মেয়াদ এরই মধ্যে উত্তীর্ণ হয়েছে। গতকাল (২৬ জানুয়ারি রোববার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন এসব তথ্য জানান। পররাষ্ট্রমন্ত্রী বলেন, ভিসার মেয়াদ উত্তীর্ণ অবৈধ প্রবাসীদের বৈধভাবে নিজ নিজ দেশে ফেরত পাঠানোর সুযোগ দিতে সৌদি সরকার গত বছরে ২২ ডিসেম্বর ‘স্পেশাল এক্সিট প্রোগ্রাম’ ঘোষণা করেছে। এ প্রক্রিয়ায় যেসব প্রবাসী ফেরত আসবেন, তারা পরবর্তীতে বৈধ ভিসা নিয়ে আবার সৌদি আরব যেতে পারবেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮)।

**৮। করোনাভাইরাস শনাক্তে নৌ, বিমান ও স্থলবন্দরে স্ক্যানার বসানো হয়েছে: সংসদে স্বাস্থ্যমন্ত্রী**

চীনে ছড়িয়ে পড়া নতুন রোগের জীবাণু করোনাভাইরাস যেন বাংলাদেশে বিস্তার ঘটাতে না পারে সে জন্য প্রতিরোধমূলক ব্যবস্থা জোরদার করা হচ্ছে। এরই মধ্যে নৌ, বিমান ও স্থলবন্দরে যাতায়াতকারীদের শরীরে ভাইরাস শনাক্তে স্ক্যানার বসানো হয়েছে। এ কাজে জনবলও বাড়ানো হয়েছে। গতকাল (২৬ জানুয়ারি রোববার) সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

**৯। ঢাকা সিটি করপোরেশন নির্বাচনে হস্তক্ষেপ নয়, প্রধানমন্ত্রীর নির্দেশনা আছে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, সরকারের সম্পূর্ণ হস্তক্ষেপবিহীন ও নিরপেক্ষ ঢাকা সিটি করপোরেশন নির্বাচনে জয় পেতে আওয়ামী লীগ মনোনীত প্রার্থীরা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী ভোটারদের ঘরে ঘরে যাচ্ছেন। সরকারের সব এজেন্সি ও আইনশৃঙ্খলা বাহিনী প্রধানদেরও প্রধানমন্ত্রী বলে দিয়েছেন, এ নির্বাচনে কোনো ধরনের হস্তক্ষেপ যেন সরকারের কেউই না করেন। গতকাল (২৬ জানুয়ারি রোববার) রাজধানীর রমনায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে মোটর চালক লীগের কেন্দ্রীয় সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** ( শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** ( শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

**১০। প্রত্যেকটি বন্দরে আমদানি-রপ্তানি পণ্য যাচাই করার জন্য স্ক্যানার বসানো হবে :**
**আন্তর্জাতিক কাস্টমস দিবসের অনুষ্ঠানে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, দেশের প্রত্যেকটি বন্দরে আমদানি-রপ্তানি পণ্য যাচাই করা হবে। এজন্য প্রত্যেকটি বন্দর, নৌবন্দর, স্থলবন্দর বা এয়ারপোর্টে, সব জায়গায় স্ক্যানার বসানো হবে। গতকাল (২৬ জানুয়ারি রোববার) ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় (আইসিসিবি) আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২০ উপলক্ষে এক সেমিনারে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস (**শেষ পৃ.,ক.৬)।

**১১। দেশের উন্নয়ন অগ্রযাত্রা অব্যাহত রাখতে হবে : স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, বহুল জনসংখ্যা অধ্যুষিত এ দেশে সীমিত সম্পদের পরিপূর্ণ ব্যবহারের মধ্য দিয়ে সমন্বিত কর্ম পরিকল্পনা গ্রহণ ও যথাযথ বাস্তবায়নের মাধ্যমে দেশের উন্নয়ন অগ্রযাত্রা ব্যাহত রাখতে হবে। গতকাল (২৬ জানুয়ারি রোববার) ঢাকার গুলশানে স্পেক্ট্রা কনভেনশত সেন্টারে ভূমিকম্প প্রস্তুতি ও নগর সহনশীলতা বিষয়ক এক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র : **আমাদের অর্থনীতি** (পৃ.২, ক.৬)।

**১২। জাতির উন্নয়নে বড় হাতিয়ার উচ্চশিক্ষা : এআইইউবি’র সমাবর্তনে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, একটি জাতির উন্নয়নের সবচেয়ে বড় হাতিয়ার হলো উচ্চশিক্ষা। উচ্চশিক্ষা বলতে শুধু ডিগ্রি, অনার্স, মাস্টার্স, ইঞ্জিনিয়ারিং এবং এমবিবিএস পঠন-পাঠনকেই বোঝায় না। উচ্চশিক্ষা একটি দেশপ্রেমভিত্তিক মানবিক মূল্যবোধও তৈরি করে। তাই বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রমসহ সার্বিক কর্মকাণ্ড এমন হওয়া উচিত যাতে তা মেধা ও মনন বিকাশে শ্রেষ্ঠ পাদপীঠ হয়ে উঠতে পারে। গতকাল (২৬ জানুয়ারি রোববার) আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশের (এআইইউবি) ১৯তম সমাবর্তনে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

**১৩। আগামী বছর থেকে পূর্বাচলে নিজস্ব এলাকায় বাণিজ্যমেলা হবে : রংপুরে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন এবারই শেষ বাণিজ্যমেলা শেরেবাংলানগরে। আগামী বছর থেকে পূর্বাচলে নিজস্ব এলাকায় বাণিজ্যমেলা হবে। তিনি বলেন, শেরেবাংলানগরে বাণিজ্যমেলায় ইন্টারন্যাশনাল ক্যারেক্টার অনেকটাই কমে গেছে। একে সে অর্থে আন্তর্জাতিক বাণিজ্যমেলা বলা যায় না। তবে আগামী বছর থেকে নিজেদের এলাকায় বাণিজ্যমেলার আপগ্রেড করা হবে। যাতে সত্যিকার অর্থে আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলো মেলায় অংশ নিতে পারে তার ব্যাবস্থা নেয়া হবে। গতকাল (২৬ জানুয়ারি রোববার) রংপুর নগরীর সেন্ট্রাল রোডস্থ বাসভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** ( শেষ পৃ,ক.৬), **আমাদের অর্থনীতি** ( শেষ পৃ,ক.১)।

**১৪। মুজিববর্ষেই গভর্নমেন্ট জব পোর্টাল চালু হবে : আইসিটি প্রতিমন্ত্রী**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, মুজিববর্ষেই গভর্নমেন্ট জব পোর্টাল চালু হবে। গতকাল (২৬ জানুয়ারি রোববার) সিংড়া কোর্ট চত্বরে এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, ঐ পোর্টালে থাকবে সরকারের বিভিন্ন দপ্তরের চাকরির খবর। চাকরি প্রার্থীদের তালিকা থাকবে ঐ পোর্টালে যাতে সব প্রার্থীর তালিকা সরকারের নজরে থাকে। এর মাধ্যমে শিক্ষিত যুবকদের পর্যায়ক্রমে কর্মসংস্থান হবে। সূত্র : **আমাদের অর্থনীতি** (পৃ.১, ক.১)

**১৫। ইভিএমসহ ঢাকার আসন্ন দুই সিটি নির্বাচনের সার্বিক পরিস্থিতি চার রাষ্ট্রদূতকে জানাল ইসি**

ইলেকট্রনিক ভোটিং মেশিনসহ (ইভিএম) ঢাকার আসন্ন দুই সিটি নির্বাচনের সার্বিক পরিস্থিতি চার দেশের রাষ্ট্রদূতকে জানানো হয়েছে। গতকাল (২৬ জানুয়ারি রোববার) প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কেএম নূরুল হুদার সঙ্গে সাক্ষাৎ করেন তারা। এ সময় সিটি নির্বাচনের সার্বিক বিষয়ে তাদের অবহিত করা হয়। চার দেশের রাষ্ট্রদূত হলেন ঢাকায় নিযুক্ত সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত রেনে হলেনস্টেইন, ডেনমার্কের রাষ্ট্রদূত মাইকেইল হেমনিটি উইনথার, সুইডেনের রাষ্ট্রদূত সার্লোট্ট স্লাইটার ও নরওয়ের রাষ্ট্রদূত সিডসেল ব্লেকেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **সমকাল** (পৃ.১,ক.৫)।

**১৬। রান্না করে সাকিব আল হাসানের বাসায় খাবার পাঠালেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২৬ জানুয়ারি রোববার) নিজ হাতে রান্না করে সাকিব আল হাসানের বাসায় খাবার পাঠিয়েছেন। নিজেদের ভেরিফায়েড ফেসবুক পেজে খাবার ও প্রধানমন্ত্রীর সঙ্গে ছবি পোস্ট করে ঘটনাটা জানিয়েছেন সাকিব আল হাসান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** দেশের জ্বালানি সংকটের কারণে সরকার হাজার হাজার কোটি টাকা ভর্তুকি দিয়ে তরল প্রাকৃতিক গ্যাস এলএনজি আমদানি করছে উল্লেখ করে এর সাথে সাথে গ্যাস নিয়ে দুনীতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**খ.** **যায়যায়দিন :** সামাজিক যোগাযোগমাধ্যম কেন্দ্রিক অপরাধের সংখ্যা বাড়ছে উল্লেখ করে সাইবার অপরাধ রোধে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**গ.** **বণিক বার্তা, ইত্তেফাক, যায়যায়দিন, সংবাদ, যুগান্তর :** বিশ্বে ছড়িয়ে পড়ছে করোনাভাইরাস উল্লেখ করে আতঙ্কিত না হয়ে কঠোর সতর্কতা ও প্রতিরোধে কার্যকর পদক্ষেপ জরুরি বলে মতপ্রকাশ।

ঘ. **ভোরের কাগজ** : সীমান্তে সংযত আচরণে ভারতের প্রতিশ্রুতি সত্ত্বেও বিএসএফের গুলিতে বাংলাদেশিদের নিহত হওয়ার ঘটনা ঘটেই চলেছে উল্লেখ করে এ নিয়ে ভারতের সঙ্গে আরো দ্বিপক্ষীয় আলোচনা করার সুপারিশ।

ঙ. **সমকাল** : আগামী শিক্ষাবর্ষ থেকে বিশ্ববিদ্যালয়গুলোতে সমন্বিত পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে এটি সুষ্ঠুভাবে সম্পন্ন হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **এশিয়ান এজ :** খাদ্যে ভেজাল রোধে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **অবজারভার** : দেশের তরুণদের দক্ষ করে তুলতে কারিগরি শিক্ষায় শিক্ষিত করে তোলার ওপর গুরুত্বারোপ।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক :** পত্রিকায় প্রকাশিত **'মানসিক সুস্বাস্থ্যে নজর দিতে হবে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, মানসিক রোগ প্রতিরোধে ব্যক্তিগত, জাতীয় এবং আন্তর্জাতিক সম্মিলিত উদ্যোগের প্রয়োজন।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা